

AKASHVANI(AIR) RNU:KOLKATA BengaliText Bulletin

Date 10-12-2025

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর -

- ১) এসআইআর প্রক্রিয়ায় শৃঙ্খলাভঙ্গ ও অনিয়মের অভিযোগে দক্ষিণ ২৪ পরগনার এক ERO (ও) এক AERO এবং দুই বিএলও-কে কারণ দর্শনোর নোটিশ পাঠিয়েছে নির্বাচন কমিশন।
 - ২) SIR প্রক্রিয়ায় নজরদারি আরও বাড়াতে রাজ্যের পাঁচটি ডিভিশনের জন্য নির্বাচন কমিশন নিযুক্ত স্পেশাল রোল অবজার্ভাররা আজ এরাজ্যে আসছেন।
 - ৩) আধার কর্তৃপক্ষ ও রেজিস্ট্রার জেনারেল অফ ইন্ডিয়ার থেকে পাওয়া মৃত ভোটারদের তথ্য বিশ্লেষণ করে নির্বাচন কমিশন এসআইআর প্রক্রিয়ার আরও কঠোর পর্যবেক্ষণ শুরু করেছে।
 - ৪) আন্তর্জাতিক স্পেস স্টেশন ফেরত প্রথম ভারতীয় মহাকাশচারী গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্রা আজ শহরে আসছেন।
 - ৫) নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে বিশ্বজুড়ে আজ আন্তর্জাতিক মানবাধিকার দিবস উদযাপিত হচ্ছে।

oooooooooooooooooooooooooooo

এসআইআর প্রক্রিয়ায় শৃঙ্খলাভঙ্গ ও অনিয়মের অভিযোগে নির্বাচন কমিশন দক্ষিণ ২৪ পরগনার বারুইপুর পূর্ব বিধানসভা কেন্দ্রের এক ERO ও AERO এবং দুই BLO-কে কারণ দর্শনোর নোটিশ পাঠিয়েছে। ৪৮ ঘণ্টার মধ্যে জবাব চেয়েছে কমিশন। জবাব সন্তোষজনক না হলে দোষী আধিকারিকদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হতে পারে। অবহেলা ও অনিয়ম প্রমাণিত হলে গাফিলতির অভিযোগে এফআইআরও দায়ের করা হতে পারে বলে কমিশন সূত্রে জানা গেছে।

উল্লেখ্য বারুইপুর পূর্বের ৯৪ নম্বর বুথে প্রথম দায়িত্বপ্রাপ্ত এক বিএলও স্থানীয় রাজনৈতিক দলের পদাধিকারী ছিলেন বলে অভিযোগ ওঠে। সেই কারণেই তাঁকে সরিয়ে দেয় নির্বাচন কমিশন। কিন্তু অভিযোগ, বদলির পরেও তিনি কাজ চালিয়ে যান। পরবর্তী সময়ে নতুন বিএলও দায়িত্ব নেওয়ার পরেও পুরনো বিএলও-কে কাজ চালিয়ে যেতে দেওয়া হয়। পর্যবেক্ষকদের নজরে আসে, একাধিক নথিতে দুই বিএলও-র সহি রয়েছে, যা থেকেই অনিয়মের প্রাথমিক প্রমাণ মেলে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

SIR প্রক্রিয়ায় নজরদারি আরও বাড়াতে পশ্চিমবঙ্গের ৫ টি ডিভিশনের জন্য নির্বাচন কমিশন নিযুক্ত Special Roll Observer আজ এরাজ্যে আসছেন। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালের পৌরোহিত্যে কলকাতার Bengal Chamber of Commerce and Industry BCCI-তে আয়োজিত রাজ্যের SIR সংক্রান্ত এক পর্যালোচনা বৈঠকে ওই ৫ নবনিযুক্ত স্পেশাল Observer রায়েগ দেবেন। ওই বৈঠকে এরাজ্যের জন্য নিযুক্ত স্পেশাল রোল Observer সুব্রত গুপ্ত, রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক দিব্যেন্দু দাস, অরিন্দম নিয়োগী দপ্তরের শীর্ষ আধিকারিকরা উপস্থিত থাকবেন।

উল্লেখ্য, কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগে যুগ্ম সচিব পদমর্যাদায় কর্মরত ওই ত্রি পাঁচ IAS আধিকারিককে নির্বাচন কমিশন এই পদে নিয়োগ করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আধার কর্তৃপক্ষ ও রেজিস্ট্রার জেনারেল অফ ইন্ডিয়ার থেকে পাওয়া মৃত ভোটারদের তথ্য বিশ্লেষণ করে নির্বাচন কমিশন এসআইআর প্রক্রিয়ার আরও কঠোর পর্যবেক্ষণ শুরু করেছে। ওই তালিকা রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে পৌঁছে কমিশন তা বুথ লেভেল আধিকারিকদের মাধ্যমে খতিয়ে দেখার নির্দেশ দিয়েছে। মৃত বলে চিহ্নিত প্রতিটি ভোটারের নামে কোনও এনুমারেশন ফর্ম বিতরণ করা হয়েছিল কি না, এবং সেই ফর্ম জমাও পড়েছে কি না তা ভালোভাবে খতিয়ে দেখা নির্দেশ দেয়া হয়েছে। মৃত ভোটারের নামে ফর্ম জমা পড়ে থাকলে তা কীভাবে জমা পড়ল, কারা জড়িত—এসব নিয়েও আলাদা করে তদন্তের প্রস্তুতি নিয়েছে কমিশন।

কমিশন সূত্রে খবর, ২০০২ এর ভোটার তালিকার সঙ্গে মিল না পাওয়া ভোটারের সংখ্যাও আশঙ্কাজনক হারে বেড়ে ২৯ লক্ষের বেশি হয়েছে। যাদের ঠিকানা, নথি বা পরিচয় তালিকাভুক্ত তথ্যের সঙ্গে মিলছে না, তাঁদের ক্ষেত্রেও বিশেষ নজরদারির নির্দেশ দেওয়া হয়েছে এদিন পাওয়া চূড়ান্ত পরিসংখ্যান অনুযায়ী খসড়া ভোটার তালিকা থেকে নাম বাদ যেতে পারে এমন ভোটারের সংখ্যা দাঁড়িয়েছে ৫৭ লক্ষ ০১ হাজার ৫৪৮। এর মধ্যে মৃত ভোটার হিসেবে চিহ্নিত হয়েছেন ২৪ লক্ষ ০৮ হাজার ৫৭৪ জন। খুঁজে পাওয়া যায়নি বা ‘আনট্রেসেবল’ শ্রেণিতে পড়েছে ১১ লক্ষ ২৭ হাজার ৬৪৩টি নাম। অন্যত্র স্থানান্তরিত হওয়ায় বাদ যাচ্ছে ১৯ লক্ষ ৮০ হাজার ৩৯৩ জন। ডুপ্লিকেট হিসেবে ধরা পড়েছে ১ লক্ষ ৩৪ হাজার ২০২টি নাম। বিভিন্ন কারণ দেখিয়ে অন্যান্য বিভাগে চিহ্নিত করা হয়েছে আরও ৫০ হাজার ৭০৬টি নাম।

০০০০০০০০০০০০০০০০০০০

সোনাগাছির পর এনিউমারেশন ফর্ম পূরণ এবং ভোটার তালিকায় নাম তোলার কাজে সহায়তা করতে শহরের আরো দুই যৌনপল্লীতে বিশেষ শিবিরের আয়োজন করতে চলেছে নির্বাচন কমিশন। খিদিরপুর এবং কালীঘাটের দুই যৌন পল্লীতে আজ

এই শিবিরের আয়োজন করা হবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন। কলকাতা দক্ষিণ নির্বাচনী জেলার জেলা নির্বাচনী আধিকারিককে ওই শিবির আয়োজনের নির্দেশ দেওয়া হয়েছে বলে তিনি জানান।

এদিকে সোনাগাছিতে আজকের বিশেষ শিবিরে মোট ৮০৩ জন যৌনকর্মী ও তাদের পরিবারের সদস্যরা যোগ দেন। তাদের মধ্যে ২১০ জন নতুন ভোটার হওয়ার ৬ নম্বর ফর্ম সংগ্রহ করেছেন, ৫১ জন ঠিকানা পরিবর্তনের ৮ নম্বর ফরম নিয়েছেন এবং ১২ জন নিজেদের এনিউমারেশন ফর্ম জমা দিয়েছেন বলে মুখ্য নির্বাচনে আধিকারিক জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী বা এস আই আর পর্বে কোনও ভোটার ভুয়ো নথি জমা দিলে তার বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর ভারতীয় ন্যায় সংহিতার, সংশ্লিষ্ট ধারা উল্লেখ করে এই মর্মে গতকাল এক সতর্কবার্তা জারি করেছে। কমিশনের তরফে জানানো হয়েছে, এস আই আর চলাকালীন যদি কেউ ভুয়ো নথি বা জাল পরিচয়পত্র জমা দেন, তা গুরুতর অপরাধ হিসেবে গণ্য হবে। ভারতীয় ন্যায় সংহিতার ৩৩৭ নম্বর ধারায় বলা হয়েছে, আদালতের নথি, সরকারি পরিচয়পত্র, ভোটার কার্ড, আধার কার্ড, জন্ম-মৃত্যু বা বিবাহের নথি কিংবা কোনও সরকারি কর্মীর জারি করা শংসাপত্র জাল করলে সংশ্লিষ্ট ব্যক্তির সর্বোচ্চ সাত বছর পর্যন্ত কারাদণ্ড এবং জরিমানার হতে পারে।

নির্বাচন কমিশন জানিয়েছে এস আই আর-এর মাধ্যমে সম্পূর্ণ স্বচ্ছ ও ত্রুটিমুক্ত ভোটার তালিকা তৈরি করাই তাদের উদ্দেশ্য।

কমিশন সূত্রে আরও জানা গিয়েছে, ইতিমধ্যেই বিভিন্ন স্তরে নথি যাচাই প্রক্রিয়া জোরদার করা হয়েছে। আধার ডেটাবেস, জন্ম-মৃত্যু নথি এবং অন্যান্য সরকারি রেকর্ডের সঙ্গে মিলিয়ে প্রতিটি আবেদন খতিয়ে দেখা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গ সহ অন্যান্য রাজ্যে এস আই আর-এর কাজে নিযুক্ত বিএলওদের নিরাপত্তা নিয়ে কোন সমস্যা হলে অবিলম্বে তা শীর্ষ আদালতের নজরে আনার জন্য নির্বাচন কমিশনকে নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট। প্রধান বিচারপতি সূর্যকান্ত এবং বিচারপতি জয়মাল্য বাগচির বেঞ্চ গতকাল বিএলওদের নিরাপত্তা সংক্রান্ত মামলার শুনানিতে জানিয়েছে, কোন সমস্যা হলে অবিলম্বে পদক্ষেপ গ্রহণ করতে হবে। পাশাপাশি বিএলওরা মুখ্য নির্বাচনী আধিকারিক এবং জেলা নির্বাচনী আধিকারিকদের কাছে অভিযোগ জানাতে পারবেন। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ হওয়া পর্যন্ত রাজ্য পুলিশ অথবা কেন্দ্রীয় বাহিনীকে দিয়ে বিএলওদের নিরাপত্তার আবেদন জানিয়ে সর্বোচ্চ আদালতে মামলা দায়ের হয়।

শীর্ষ আদালত বিষয়টি নিয়ে নির্বাচন কমিশন এবং রাজ্যকে নোটিশ দিতে বলেছে। ১৭-ই ডিসেম্বরের মধ্যে উভয় পক্ষকে মতামত জানাতেও নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে, সিপিআইএম কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী বলেন বিএলওদের নিরাপত্তা সুরক্ষিত করার বিষয়ে রাজ্য সরকার ও কমিশন উদাসীন।

(বাইট - সুজন)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধনীর কাজে যুক্ত বিএলওরা তাদের অভিজ্ঞতার কথা ভাগ করে নিয়েছেন আকাশবাণী সংবাদের সঙ্গে। পশ্চিম মেদিনীপুর থেকে আমাদের জেলা সংবাদদাতা সব্যসাচী লাহার একটি প্রতিবেদন।

(ভয়েসকাস্ট – সব্যসাচী)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আন্তর্জাতিক স্পেস স্টেশন ফেরত প্রথম ভারতীয় মহাকাশচারী গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুল্কা আজ শহরে আসছেন। মহাকাশ থেকে ফেরার পর এটিই তাঁর প্রথম কলকাতা সফর। ইন্ডিয়ান সেন্টার ফর স্পেস ফিজিক্সে আজ তিনি স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের সঙ্গে বেশ কিছুটা সময় কাটাবেন। প্রথমেই প্রতিষ্ঠানের মিউজিয়ামে তাঁর নামাঙ্কিত প্যাভিলিয়ন ঘুরে দেখবেন তিনি। পড়ুয়াদের মুখোমুখি হওয়ার আগে 'my experience in space: the final Frontier' শীর্ষক বক্তৃতা দেবেন এবং একটি আলোচনা সভায় অংশ নেবেন তিনি। আলোচনায় অংশ নেবেন ইন্ডিয়ান সেন্টার ফর স্পেস রিসার্চ এর অধিকর্তা বিজ্ঞানী প্রফেসর ডক্টর সন্দীপ চক্রবর্তী, নাসার বিজ্ঞানী ডঃ জয়দীপ মুখার্জি সহ বিশিষ্ট জনেরা।

উল্লেখ্য, ২৬ জুন ইতিহাস তৈরি করেন ভারতীয় নভশ্চর শুভাংশু শুল্কা। অ্যাক্সিয়ম-৪ অভিযানের অংশ হিসাবে অন্য তিনি মহাকাশচারীর সঙ্গে আন্তর্জাতিক মহাকাশ স্টেশন পৌঁছান শুভাংশু এবং ১৫ জুলাই তিনি পৃথিবীতে ফিরে আসেন।

০০০০০০০০০০০০০০০০০০

দেশের গৌরবময় শিল্পের ঐতিহ্য সংরক্ষণ ও তার প্রচারে সরকারের অঙ্গীকার কে তুলে ধরা এবং অসাধারণ শিল্পকুশলতাকে স্বীকৃতি দেওয়ার উদ্দেশ্যে শিল্পগুরু এবং হস্তশিল্পে জাতীয় পুরস্কার প্রদান করা হয়েছে। রাষ্ট্রপতি দ্বোপদী মুর্ম গতকাল নতুন দিল্লিতে এই পুরস্কার প্রদান করেন। ২০২৩ ও ২০২৪ সালে মোট ১২ জন 'শিল্প গুরু' পুরস্কার পেয়েছেন। ৩৬ জন কারঞ্চিল্লাকে জাতীয় পুরস্কারে সম্মানিত হয়েছেন। এর মধ্যে এরাজেরও ১ জন জাতীয় পুরস্কার এবং পাঁচজন শিল্প গুরু পুরস্কারে সম্মানিত হয়েছেন।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – কাশফিন)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে বিশ্বজুড়ে আজ আন্তর্জাতিক মানবাধিকার দিবস উদযাপিত হচ্ছে। মানুষের মৌলিক অধিকারকে সর্বজনীন ভাবে সুরক্ষিত করা ও বাস্তবায়িত করার লক্ষ্যে দিনটি উদযাপিত হয়ে থাকে। রাষ্ট্রসংঘের সাধারণ পরিষদ ১৯৪৮ সালের ১০ ডিসেম্বর দিনটিকে মানবাধিকার দিবস হিসেবে ঘোষণা করে।

প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে আজ মানবাধিকার দিবস উদযাপনের আয়োজন করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০